গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাপান-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।

# প্রেস বিজ্ঞপ্তি

জাপান সরকারের ৪৪ তম ওডিএ লোন প্যাকেজের ১ম ব্যাচের অন্তর্ভুক্ত 'Development Policy Loan for Strengthening Public Financial Management' শীর্ষক বাজেট সাপোর্ট সংক্রান্ত 'বিনিময় নোট' ও 'ঋণ চুক্তি' বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে অদ্য ২৭ জুন ২০২৩ তারিখে স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, মিজ শরিফা খান উক্ত 'বিনিময় নোট' ও 'ঋণ চুক্তি' স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. IWAMA Kiminori 'বিনিময় নোট' এবং ঢাকায় নিযুক্ত জাইকার চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. ICHIGUCHI Tomohide 'ঋণ চুক্তি' স্বাক্ষর করেন।

'Development Policy Loan for Strengthening Public Financial Management' এর আওতায় জাপান সরকার বাংলাদেশকে ৩০ (ত্রিশ) বিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ২২৫ মিলিয়ন মার্কিন ডলার) বাজেট সাপোর্ট প্রদান করবে যা মূলত অর্থনৈতিক পুনর্গঠন এবং পাবলিক অর্থ ব্যবস্থাপনার সক্ষমতা উন্নয়নে ব্যবহৃত হবে। এই ঋণের সুদের হার ১.৬%, Front End Fee (এককালীন) ০.১%। ঋণটি ১০ বছর গ্রেস পিরিয়ডসহ মোট ৩০ বছরে পরিশোধযোগ্য। ইতোপূর্বে ২০২০ এবং ২০২১ সালে জাপান সরকার বাংলাদেশকে মোট ৬৮৫ মিলিয়ন মার্কিন ডলারের বাজেট সাপোর্ট ঋণ প্রদান করেছে।

দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের একক বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ। অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে বাংলাদেশ সরকারের অগ্রাধিকারের সাথে সামঞ্জস্য বজায় রেখে জাপান সরকার অবকাঠামো উন্নয়ন, যোগাযোগ, বিদ্যুৎ ও জ্বালানী, কৃষি, শিক্ষা,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পানি সরবরাহ ও স্যানিটেশন, পল্লী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়ন খাতের প্রকল্পে ঋণ ও বিভিন্ন প্রকার অনুদান সহায়তা প্রদান করছে। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত জাপান সরকার বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ৩০.১২ বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

২৭.০৬.২৩
মাহমুদুল ইসলাম খান
উপসচিব
ফোন: ৪৮১১৯৮৭২
ই-মেইল : japan3@erd.gov.bd